

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের নভেম্বর ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মুজিবুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) ও চিফ ইনোভেশন অফিসার  
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।

তারিখ ও সময় : ২৯.১১.২০১৮ খ্রিঃ, বেলা: ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব তুলে ধরে বলেন, সরকারি দপ্তরের কার্যক্রমকে আরো সহজীকরণ করতে ইনোভেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটির মাধ্যমে প্রশাসন বা মাঠ পর্যায়ের কার্যক্রমের সময়, খরচ এবং দূরত্ব কমানো যায়। তিনি বিভিন্ন অধিদপ্তর, দপ্তর এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মাসিক সভা, ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ এবং চলমান প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শন করতে অনুরোধ করেন। সেই সাথে মাসিক সভার কার্যপত্র নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পুনরায় নির্দেশ প্রদান করেন। তিনি জানান, ইনোভেশন কমিটির সভার কার্যপত্র নিয়মিত ভাবে প্রধানমন্ত্রীর দপ্তরে সঠিক সময়ে প্রেরণ করলে পারফরম্যান্স পয়েন্ট পাওয়া যায়। তিনি ইনোভেশন সংক্রান্ত দুই দিন ও পাঁচ দিনের প্রশিক্ষণ মন্ত্রণালয়ের প্রত্যেক অধিদপ্তর ও দপ্তরসমূহকে নিয়মিত সম্পন্ন করার তাগিদ দেন।

০২. গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃষ্টীকরণ করা হয়।

০৩. মাসিক সভা: ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) অধিদপ্তর/দপ্তরসমূহে মাসিক ইনোভেশন টিমের সভার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, টেমো এবং নিমিউ এন্ড টিসির প্রতিনিধিগণ নিয়মিত মাসিক ইনোভেশন সভা অনুষ্ঠিত হচ্ছে এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে মর্মে জানায়। সভাপতি মহোদয় অধিদপ্তর/দপ্তরসমূহের ইনোভেশন টিমের সভার তারিখ মন্ত্রণালয়কে অবহিত করতে নির্দেশনা প্রদান করেন যাতে মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি উক্ত সভায় পর্যবেক্ষক হিসাবে অংশ গ্রহণ করতে পারে।

০৪. ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণঃ ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে টেমোর প্রতিনিধি তাদের সংস্থা ২ দিনের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে মর্মে জানান। সভাপতি মন্ত্রণালয়সহ অন্যান্য অধিদপ্তর/দপ্তরসমূহকে চলতি বছরের জন্য ২ (দুই) দিনের ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণের আহবান জানান।

০৬. রেল্লিকেশনের অগ্রগতি: “সরকারি হাসপাতালে বহিঃ বিভাগে সেবা প্রদান সহজীকরণ” প্রকল্পটিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ইউজার ফি মওকুফ করার জন্য অর্থ মন্ত্রণালয়ে স্বাস্থ্য সেবা বিভাগের সচিব স্বাক্ষরিত ডিও লেটার প্রেরণ করা হয়েছে মর্মে উপস্থিত সদস্যদের অবহিত করা হয়। সভাপতি অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগ করে প্রকল্পটি দ্রুত রেল্লিকেশনের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন।

০৭. শোকেসিং ওয়ার্কশপ: সভাপতি শোকেসিং এর জন্য প্রকল্প বাছাই করতে এবং শোকেসিং ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি স্বাস্থ্য অধিদপ্তরকে চলমান প্রকল্পগুলোর তালিকা স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। তিনি উপসচিব (মনিটরিং ও সমন্বয়) কে এটুআই এর সাথে যোগাযোগ করে শোকেসিং তারিখ ও স্থান নির্ধারণের নির্দেশ দেন। এছাড়া তিনি সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর প্রধান, ইনোভেশন টিমের সদস্য এবং ইনোভেটরদের সমন্বয়ে জানুয়ারী, ২০১৯ মাসের মধ্যে প্রকল্প বাছাই সভা আয়োজনের জন্য প্রশাসন-৪ কে নির্দেশনাও প্রদান করেন।

০৮. মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলট সমূহের অগ্রগতি: সভাপতি মহোদয় মাঠ পর্যায়ের ইনোভেশন প্রকল্প পরিদর্শনের নিমিত্তে প্রতিমাসে কর্মকর্তা মনোনয়ন দেওয়ার জন্য উপসচিব (প্রশাসন-৪) কে নির্দেশনা প্রদান করেন।

০৯. মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ডাটাবেজ (Database) তৈরি: সিস্টেম এনালিস্ট জনাব আহমেদ লতিফুল হোসেন কর্মকর্তা/কর্মচারীদের মানব সম্পদ ডাটাবেজ তৈরির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি, সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি ওয়ার্কশপ আয়োজন করার মানবসম্পদ অধিশাখাকে নির্দেশনা দেন।

১০. ডিজিটাল হাজিরা: সভাপতি মহোদয় সিস্টেম এনালিস্টকে স্বাস্থ্য সেবা বিভাগে পুনরায় ডিজিটাল হাজিরা চালু করার জন্য বলেন। তিনি মন্ত্রণালয়ের নিজস্ব ওয়াই-ফাই ব্যবস্থা চালু করার নির্দেশনা প্রদান করেন।

১১. হেল্প ডেস্ক চালু: সভাপতি দর্শনার্থীদের তথ্য প্রদানের জন্য মন্ত্রণালয়ে একটি হেল্প ডেস্ক চালুর ব্যবস্থা করতে অনুরোধ জানান। তিনি অফিসারপণের নাম, পদবী ও কক্ষ নং সম্বলিত অনুবিভাগ ভিত্তিক তালিকা বোর্ড তৈরি করতে নির্দেশনা প্রদান করেন।
১২. সম্মানী ভাতা: হাসান মাহমুদ, উপসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা) ইনোভেশন টিমের মাসিক সভায় উপস্থিত সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ এবং সম্মানী ভাতা প্রদানের ব্যবস্থা করতে অনুরোধ জানান।
১৩. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৩.১	স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে।	অধিদপ্তর/দপ্তরসমূহ
১৩.২	মন্ত্রণালয়ের মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের অগ্রগতি প্রশাসন-৪ কে জানাতে হবে।	অধিদপ্তর/দপ্তরসমূহ
১৩.৩	অধিদপ্তরসমূহের ইনোভেশন সভা পর্বসম্পন্ন করতে হবে;	অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)/ প্রশাসন-৪
১৩.৪	স্বাস্থ্য সেবা বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ডাটাবেজ তৈরি করতে হবে; ডিজিটাল হাজিরা বাস্তবায়ন করতে হবে; স্বাস্থ্য সেবা বিভাগের নিজস্ব ওয়াইফাই নেটওয়ার্ক ব্যবস্থা গড়ে তুলতে হবে;	সিস্টেম এনালিস্ট/মানবসম্পদ বিভাগ
১৩.৫	মন্ত্রণালয় ও অধিদপ্তরকে প্রতি অর্থ বছরে ইনোভেশন কর্মপরিকল্পনা অনুসারে ০২ (দুই) ও ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে;	প্রশাসন অনুবিভাগ/ অধিদপ্তর/ দপ্তরসমূহ (সকল)
১৩.৬	জানুয়ারি, ২০১৯ মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপ আয়োজন ও প্রকল্প বাছাইয়ের জন্য সচিব মহোদয়, মহাপরিচালকপণ ও ইনোভেটরদের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে;	উপসচিব (প্রশাসন-৪)/অধিদপ্তর/দপ্তরসমূহ
১৩.৭	সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগকে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মানব সম্পদ (Human Resource) সংক্রান্ত ডাটাবেজ সফটওয়্যার (Database Software) প্রস্তুত করতে হবে;	সিস্টেম এনালিস্ট/মানব সম্পদ বিভাগ
১৩.৮	দর্শনার্থীদের সেবা সহজীকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় একটি হেল্প ডেস্ক গঠন করতে হবে;	প্রশাসন-১ ও প্রশাসন-২
১৩.৯	কর্মকর্তাদের নাম, পদবী, অনুবিভাগ ভিত্তিক শাখা/অধিশাখার নাম ও ব্লক নম্বর সম্বলিত নির্দেশিকা বোর্ড তৈরি করে ৩নং ভবন এর ৩য় ও ৪র্থ তলা এবং ক্লিনিক ভবনের দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;	প্রশাসন-১ ও প্রশাসন-২
১৩.১০	মাঠ পর্যায়ে ইনোভেশন প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শনের জন্য প্রতিমাসে যে কোন ১ (এক) জন করে কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করতে হবে;	ইনোভেশন টিম, মন্ত্রণালয়/ সকল অধিদপ্তর/ দপ্তরসমূহ
১৩.১১	অধিদপ্তরসমূহকে ইনোভেশনের নতুন অধিকা প্রস্তুতপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে; এটুআই এর সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে শোকেসিং এর জন্য সময় নির্ধারণ করতে হবে;	প্রশাসন-৪ অধিশাখা/ স্বাস্থ্য অধিদপ্তর

১৪. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



স্বাক্ষরিত: ০৯.১২.২০১৮  
 (শেখ মুজিবুর রহমান)  
 অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)  
 স্বাস্থ্য সেবা বিভাগ  
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপসচিব (ক্রেয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৪. উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৫. উপসচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৮. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।

**সদয় অবগতি ও কার্যার্থে:**

১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

B Begum  
১০/১২/২০১৮  
(ড. বিলকিস বেগম)  
উপসচিব

ফোন: ৯৫৪০৩৬২

ই-মেইল: [monitor@hds.gov.bd](mailto:monitor@hds.gov.bd)